

“অর্থনৈতিক শুমারিতে সঠিক তথ্য দিন  
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সাতকানিয়া, চট্টগ্রাম।  
[www.satkania.chittagong.gov.bd](http://www.satkania.chittagong.gov.bd)

“শুমারি অগ্রাধিকার”

নং- ৫৩৫

তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩১ ব.  
২৩ জুন, ২০২৪ খ্রি.

বিষয়: অর্থনৈতিক শুমারি-২০২৪ এর মাঠ পর্যায়ে লিস্টিং কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে ট্যাবলেট ব্যবহারপূর্বক মোবাইল ও ওয়েব এপ্লিকেশন এর মাধ্যমে অর্থনৈতিক শুমারি-২০২৪ এর মাঠ পর্যায়ে লিস্টিং কার্যক্রম সমগ্র দেশব্যাপী সকল খানায়, অর্থনৈতিক প্রতিষ্ঠান ও বিভিন্ন সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে আগামী ০১/০৭/২০২৪ খ্রি. থেকে ২০/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। অর্থনৈতিক শুমারির মাধ্যমে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডের তথ্য সংগ্রহ করা হয়। বাংলাদেশের অর্থনীতি কৃষি নির্ভর হতে ক্রমশ শিল্প ও সেবা নির্ভর হয়ে উঠছে। ফলে অকৃষি খাতগুলো জাতীয় আয় ও কর্মসংস্থানে অধিকতর অবদান রাখছে। দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এ খাতসমূহের পর্যাপ্ত তথ্যের ঘাটতি রয়েছে।

এ শুমারি হতে সময়ের বিবর্তনে একটি দেশের অর্থনীতিতে যে অবকাঠামোগত পরিবর্তন ঘটে, সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যাবে। তাছাড়াও অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠান সম্পর্কে মৌলিক তথ্য সরবরাহ করা, এগুলোর ধরন সম্পর্কে জানা এবং বিনিয়োগকৃত মূলধন ও জনবল কাঠামো অনুযায়ী শিল্প ও ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাসকরণ পূর্বক সংখ্যা নির্ধারণ সম্ভব হবে। এ জন্য জাতীয় অর্থনীতির উত্তরণলগ্নে এ শুমারির গুরুত্ব অপরিসীম।


এমতাবস্থায়, অর্থনৈতিক শুমারি-২০২৪ এর মাঠ পর্যায়ে লিস্টিং কার্যক্রম নির্ভুল, সঠিক ও সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আপনাকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক:

.....

.....

সাতকানিয়া, চট্টগ্রাম।

  
মিল্টন বিশ্বাস  
উপজেলা নির্বাহী অফিসার  
সাতকানিয়া, চট্টগ্রাম